# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ১৯৮৯


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**শিক্ষা বিভাগ**

**শাখা-৯**

**নিষ্পত্তি**

**ঢাকা, ২১শে কার্তিক, ১৩৯৬/১০ই নভেম্বর, ১৯৮৯**

নং শা-৯/৯-১/৮৯/৮৭৪-শিক্ষা—দারিদ্র্য প্রপীড়িত, ভাগ্যাহত অথচ নিজ প্রচেষ্টা ও শ্রমের দ্বারা ভাগ্যোন্নয়নে প্রয়াসী অনধিক ১৫ বৎসর বয়সের শিশু ও কিশোর, অতঃপর পথকলি বলিয়া উল্লেখিত, দিগকে জাতীয় অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে অংশ গ্রহণের উপযোগী হিসাবে গড়িয়া তোলার লক্ষ্যে তাহাদের শিক্ষার ব্যবস্থা ও স্বাস্থ্যের পরিচর্যার জন্য কার্যক্রম গ্রহণের উদ্দেশ্যে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিল, যথা :—

১। পথকলি ট্রাস্ট।—(১) সরকার পথকলি ট্রাস্ট, অতঃপর ট্রাস্ট বলিয়া উল্লিখিত, নামে একটি ট্রাস্ট গঠন করিবে।

(২) ট্রাস্টের সদর দপ্তর ঢাকায় থাকিবে এবং ট্রাস্ট, প্রয়োজনবোধে, যে কোন স্থানে উহার আঞ্চলিক দপ্তর স্থাপন করিতে পারিবে।

২। ট্রাস্টি বোর্ড।—(১) পথকলি ট্রাস্টের পরিচালনা, ব্যবস্থাপনা ও প্রশাসনের দায়িত্ব একটি ট্রাস্টি বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লেখিত, এর উপর ন্যস্ত থাকিবে।

(২) বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) সরকার কর্তৃক মনোনীত একজন চেয়ার পারসন;

(খ) শিক্ষা মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি বোর্ডের ভাইস-চেয়ার পারসনও হইবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত মন্ত্রণালয় বা বিভাগে যদি মন্ত্রী না থাকে, তাহা হইলে উহার প্রতি-মন্ত্রী, যদি থাকে, বোর্ডের ভাইস-চেয়ার পারসন হইবেন।

(গ) সরকার কর্তৃক মনোনীত পাঁচ জন সদস্য।

(৩) উপ-অনুচ্ছেদ (২)তে যাহা কিছুই থাকুক না কেন, ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বোর্ডের প্রথম চেয়ার পারসন হইবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (২) (গ) মোতাবেক মনোনীত কোন সদস্য তাহার মনোনয়নের তারিখ হইতে তিন বৎসরের জন্য সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবেন।

(৫) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে বোর্ডের চেয়ার পারসন বা উহার কোন মনোনীত সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৩। ট্রাস্টের দায়িত্ব ও কর্তব্য।—ট্রাস্টের নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য থাকিবে, যথা :—

(ক) পঙ্গুদিগের শিক্ষা, চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণ;

(খ) পঙ্গুদিগকে জাতীয় কর্মকাণ্ডে অংশগ্রহণের উপযোগী করার প্রয়োজনীয়তা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার জন্য প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ;

(গ) পঙ্গুদিগের জন্য শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরী শিক্ষা কেন্দ্র, চিকিৎসা কেন্দ্র এবং পুনর্বাসন কেন্দ্রের প্রতিষ্ঠা ও উহাদের ব্যবস্থাপনা;

(ঘ) ট্রাস্টের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ;

(ঙ) উপরোক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য যে কোন পদক্ষেপ গ্রহণ।

৪। বোর্ডের সভা।—(১) বোর্ড উহার সভার কার্য-পদ্ধতি নির্ধারণ করিতে পারিবেন।

(২) বোর্ডের সকল সভা উহার চেয়ার পারসন কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভায় উহার চেয়ার পারসন সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে বোর্ডের ভাইস-চেয়ার পারসন সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের তিন জন সদস্যের উপস্থিতিতে উহার সভার কোরাম গঠিত হইবে।

(৫) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে, তবে কোন প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইলে সভায় সভাপতিত্বকারী ব্যক্তি একটি অতিরিক্ত বা নির্ণায়ক ভোট দিতে পারিবেন।

(৬) বোর্ড গঠনে কোন ত্রুটি রহিয়াছে বা উহাতে কোন শূন্যতা রহিয়াছে শুধুমাত্র এই কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা বে-আইনী হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৫। পঙ্গুকল্যাণ তহবিল।—(১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে পঙ্গুকল্যাণ তহবিল নামে একটি তহবিল গঠন করা হইবে।

(২) পঞ্চকলি তহবিলে নিম্নলিখিত অর্থ জমা হইবে, যথা :—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) বিদেশী সরকার বা সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঘ) কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঙ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(৩) পঞ্চকলি তহবিলে জমাকৃত অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে।

(৪) বোর্ডের সিদ্ধান্ত সাপেক্ষে, পঞ্চকলি তহবিলের টাকা কোন লাভজনক খাতে বিনিয়োগ করা যাইবে এবং বিনিয়োগকৃত অর্থ হইতে প্রাপ্ত লাভের টাকা তহবিলে জমা হইবে

(৫) বোর্ডের চেয়ারপারসন তৎকর্তৃক মনোনীত বোর্ডের কোন সদস্য এবং বোর্ডের সচিবের যৌথ স্বাক্ষরে তহবিল পরিচালনা করা যাইবে।

৬। বোর্ডের সচিব ইত্যাদি।—(১) ট্রাস্টের একজন সচিব থাকিবেন এবং তিনি বোর্ড কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি বোর্ড কর্তৃক স্থিরকৃত হইবে।

(২) বোর্ডের দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে পালনের স্বার্থে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতি ও শর্তে বোর্ডের অন্যান্য প্রয়োজনীয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করা যাইবে।

৭। নির্বাহী কমিটি।—(১) বোর্ডের চেয়ারপারসন কর্তৃক মনোনীত উহার দুই জন সদস্য এবং ট্রাস্টের সচিব সমন্বয়ে একটি নির্বাহী কমিটি গঠন করা যাইবে।

(২) নির্বাহী কমিটির ক্ষমতা, কার্যাবলী ও কার্যকলাপ বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১)তে যাহাই থাকুক না কেন প্রথম নির্বাহী কমিটির গঠন নিম্নরূপ হইবে :—

| | | |
|---|---|---|
| (ক) বোর্ডের ভাইস-চেয়ারপারসন | .. | আহ্বায়ক |
| (খ) বোর্ডের মনোনীত একজন সদস্য | .. | সদস্য |
| (গ) বোর্ডের সচিব | .. | সদস্য-সচিব |

৮। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।—(১) বোর্ড যথাযথভাবে ট্রাস্টের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) সরকার কর্তৃক নির্দেশিত পন্থায় পঞ্চকলি তহবিলের জমাকৃত অর্থ ও উহার ব্যয়ের হিসাব নিরীক্ষিত হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) মোতাবেক হিসাব নিরীক্ষার প্রয়োজনে বোর্ডের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করা যাইবে এবং বোর্ডের সকল সদস্য ও ট্রাস্টের সচিব ও অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করা যাইবে।

৯। প্রতিবেদন।—(১) বোর্ড প্রতি অর্থ বৎসরে ট্রাস্টের কার্যাবলীর একটি প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

(২) সরকার প্রয়োজনমত বোর্ডের নিকট হইতে ট্রাস্টের যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী তলব করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

১০। প্রবিধান প্রণয়ন।—এই সিদ্ধান্তগুলির উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

১১। সিদ্ধান্তগুলির প্রকাশনা ও হেফাজত।—(১) এই সিদ্ধান্তগুলি সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইবে।

(২) এই সিদ্ধান্তগুলিতে যাহা কিছুই থাকুক না কেন, এইগুলি ২রা জুলাই, ১৯৮৯ ইং/১৮ই আষাঢ়, ১৩৯৬ বাং তারিখ হইতে কার্যকরী হইবে এবং স্মার্ট লেডী বেগম রওশন এরশাদের নেতৃত্বে গঠিত পথকলি ট্রাস্ট ও উহার অধীন গঠিত ট্রাস্টি বোর্ড হিসাবে গণ্য হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ট্রাস্টের তহবিলে জমাকৃত অর্থ, এবং উক্ত অর্থের ব্যয়, এই সিদ্ধান্তগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ সাপেক্ষে, পথকলি তহবিলের অর্থ এবং উহার ব্যয় বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আতাউল হক

অতিরিক্ত সচিব।

মোঃ মুজিবুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
[illegible], ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা।